# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৩. কোন ব্যক্তি পায়খানায় প্রবেশকালে যা বলবে

باب مَا يَقُولُ الرَّجُلُ إِذَا دَخَلَ الْخَلاَءَ

আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَمْرٍو، - يَعْنِي السَّدُوسِيَّ - حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ شُعْبَةَ، عَنْ عَبْدِ الْعَزِيزِ، - هُوَ ابْنُ صُهَيْبٍ - عَنْ أَنَسٍ، بِهَذَا الْحَدِيثِ قَالَ " اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ". وَقَالَ شُعْبَةُ وَقَالَ مَرَّةً " أَعُوذُ بِاللَّهِ"

- شاذ

বাংলা

৫। ’আবদুল ’আযীয ইবনু সুহাইব (রহঃ) আনাস (রাঃ) সূত্রে পূর্বোক্ত হাদীস বর্ণনা করেছেন। তাতে ’হে আল্লাহ! আমি আপনার কাছে আশ্রয় প্রার্থনা করছি’ কথাটি রয়েছে। শু’বাহ আবদুল আজিজ সুত্রে বলেন, তিনি একবার ’আউযুবিল্লাহ’ বলেছেন। আর আবদুল আযীয সুত্রে উহাইব বর্ণনা করেছেন যে, তাতে ’সে যেন আল্লাহর কাছে আশ্রয় প্রার্থনা করে’ কথাটি রয়েছে।[1]

শাজ।

## English

Another tradition on the authority of Anas has:
" O Allaah, I seek refuge in Thee."

Shu'bah said: Anas sometimes reported the words: "I take refuge in Allah."

ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ উযু, অনুঃ পায়খানায় যাওয়ার সময় কী বলতে হয়, হাঃ ১৪২, এবং অধ্যায়ঃ দা‘ওয়াত, অনুঃ পেশাব-পায়খানার সময় দু‘আ, হাঃ ৬৩২২), তিরমিযী (অধ্যায় পবিত্রতা, অনুঃ পায়খানায় প্রবেশের সময় যা বলতে

হয়, হাঃ ৫), আহমাদ (৩/২৮২) শু‘বাহ সনদে আব্দুল আযীয থেকে আনাস সূত্রে, মুসলিম (অধ্যায়ঃ হায়িয, অনুঃ পায়খানায় প্রবেশের সময় কী বলা উচিত), নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পায়খানায় প্রবেশকালে যা বলতে হয়, হাঃ ১৯), ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পায়খানায় প্রবেশের সময় যা বলবে, হাঃ ২৯৮), আহমাদ (৩/৯৯) হুশাইম সূত্রে, বুখারী ‘আদুবল মুফরাদ’ (অনুঃ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দু‘আসমূহ, হাঃ ৬৯২) সাঈদ ইবনু যায়িদ থেকে, আর তারা তিনজনেই (অর্থাৎ ইসমাঈল ইবনু উলায়্যাহ, হুশাইম এবং সাঈদ ইবনু যায়িদ) ‘আব্দুল আযীয ইবনু সুহাইব সূত্রে।

হাদিসের মান: শা'জ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আব্দুল আযীয ইবন সুহায়ব (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57323

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন